

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 09-12-2025

Desk inCharg:- S.D.G.

Time: 1-30 PM

Compiling :- Sudip B./ Subhra C.

DEO : KB

NRT : Sudip Basu

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১/ রাজ্যসভায় আজ জাতীয় স্তোত্র- বন্দে মাতরম্-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে দু দিনের বিশেষ আলোচনার সূচনা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ।

২/ নতুন দিল্লিতে NDA সংসদীয় দলের বৈঠকে প্রধানমন্ত্রী, জোটের সাংসদদের দেশের উন্নয়নে কাজের গতি আরো বাড়াতে নির্দেশ দিয়েছেন।

৩/ ইন্ডিগোর সাম্প্রতিক উড়ান বিভ্রাটের কারণে সৃষ্ট সমস্যা দ্রুত স্বাভাবিক হচ্ছে বলে লোকসভায় জানিয়েছেন অসামরিক বিমান চলাচল মন্ত্রী রাম মোহন নাইডু।

৪/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ২০২৩ ও ২০২৪ সালের জাতীয় হস্তশিল্প পুরস্কার প্রদান করেছেন।

৫/ পাঁচ ম্যাচের T-20 ক্রিকেট সিরিজের প্রথম খেলায় আজ কটকের বরাবাটি স্টেডিয়ামে ভারত ও দক্ষিণ আফ্রিকা মুখোমুখি হবে।

রাজ্যসভায় আজ জাতীয় স্তোত্র ‘বন্দে মাতরম’-এর ১৫০তম বার্ষিকী উপলক্ষে আলোচনা শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দুই দিনের এই আলোচনা শুরু করেছেন। ঋষি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৮৭৫ সালে এই জাতীয় স্তোত্র রচনা করেছিলেন। অন্যদিকে লোকসভায় আজ নির্বাচন সংস্কার নিয়ে আলোচনা হবে।

নিজের বক্তব্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশের মানুষের মধ্যে দেশপ্রেমের ভাবনা সঞ্চারে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে বন্দে মাতরম।

(বাইট- অমিত শাহ)

নতুন দিল্লির লোকসভা ভবন কমপ্লেক্সে আজ NDA সংসদীয় দলের বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, বিজেপি সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা, তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর, JDU সাংসদ সঞ্জয় ঝা, রাষ্ট্রীয় লোক মোর্চা প্রধান উপেন্দ্র কুশওয়াহা, NCP সাংসদ প্রফুল প্যাটেল সহ জোটের অন্য সাংসদরা। বিহার বিধানসভা নির্বাচনে জয়ের জন্য NDA সাংসদরা প্রধানমন্ত্রী মোদীকে অভিনন্দন জানান।

পরে সাংবাদিকদের সংসদীয় মন্ত্রী কিরেণ রিজিজু বলেন, দেশের উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী NDA নেতাদের কাজের গতি ত্বরান্বিত করতে বলেছেন। মানুষের জীবনযাত্রা আরো সহজ করে তুলতে প্রতিটি ক্ষেত্রেই সংস্কারের ওপর জোর দিয়েছেন শ্রী মোদী। মন্ত্রী বলেন, যুব সমাজের সঙ্গে সাংসদদের যোগাযোগ আরো বাড়ানোর পরামর্শও দিয়েছেন প্রধানমন্ত্রী।

(বাইট- রিজিজু)

অসামরিক বিমান চলাচল মন্ত্রী রাম মোহন নাইডু আজ বলেছেন, ইন্ডিগোর সাম্প্রতিক উড়ান বিভ্রাটের কারণে যে সমস্যার সৃষ্টি হয়েছিল তা দ্রুত স্বাভাবিক হচ্ছে। লোকসভায় ইন্ডিগো সংকট নিয়ে বক্তব্য রাখতে গিয়ে তিনি জানান, বিমান সংস্থাটিকে এই বিভ্রাটের কারণে সম্পূর্ণভাবে জবাবদিহির আওতায় আনা হয়েছে। তিনি আরও বলেছেন, ডিজিসিএ ইতিমধ্যেই ইন্ডিগোকে নোটিশ দিয়েছে এবং তাদের রিপোর্টের ভিত্তিতে কঠোর ও যথাযথ ব্যবস্থা নেওয়া হবে। কোনো বিমান সংস্থা তা যত বড়ই হোক না কেন, পরিকল্পনার ব্যর্থতা ও নিয়ম লঙ্ঘন করে যাত্রীদের দুর্ভোগ সৃষ্টি করবে তা মেনে নেওয়া যায় না। শ্রী নাইডু আরও বলেন, স্বাভাবিক পরিস্থিতি ফিরে আসা পর্যন্ত সরকার সম্পূর্ণ সতর্ক রয়েছে।

অসামরিক বিমান চলাচল মন্ত্রক বিভাগের শীর্ষ আধিকারিকদের বিভিন্ন বিমানবন্দরে গিয়ে বিমান সংস্থাগুলির কাজকর্ম এবং যাত্রী পরিষেবা পর্যালোচনার নির্দেশ দিয়েছে। এক সোশ্যাল মিডিয়া পোস্টে মন্ত্রক জানিয়েছে পর্যালোচনার সময় যদি কোন ত্রুটি ধরা পড়ে বা যাত্রীদের কাছ থেকে কোন রকম অভিযোগ মেলে সেক্ষেত্রে দ্রুততার সঙ্গে অভিযোগের নিষ্পত্তি করতে হবে। অসামরিক বিমান চলাচল মন্ত্রী কে রামমোহন নাইডুর পৌরহিত্যে নতুন দিল্লীতে এক উচ্চ পর্যায়ের বৈঠকে এই নির্দেশ দেওয়া হয়েছে। সেখানে দেশে বিমান চলাচলের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। অসামরিক বিমান চলাচল মহানির্দেশালয় DGCA-এর পাশাপাশি মন্ত্রকও অবস্থার দিকে নজর রাখছে বলে জানানো হয়েছে।

অসামরিক বিমান চলাচল মহানির্দেশালয় (DGCA) ইন্ডিগোকে সব রুটে তাদের উড়ান সূচি পাঁচ শতাংশ কমানোর নির্দেশ দিয়েছে। গত কয়েক দিনে সংস্থাটির

বিমান চলাচলে ব্যপক গোলমাল ও লাগাতার উড়ান বাতিলের কারণে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। বিশেষত বেশি চাহিদা ও ঘন ঘন চলাচলকারী রুটে এই নির্দেশ প্রযোজ্য হবে। ডিজিসিএ জানিয়েছে, চলতি বছরের শীতকালীন সূচি অনুযায়ী ইন্ডিগোর জন্য প্রতি সপ্তাহে ১৫ হাজারের বেশি ফ্লাইট ছাড়ার অনুমোদন দেওয়া হয়েছিল। নভেম্বর মাসে মোট ৬৪ হাজার উড়ান চালানোর কথা থাকলেও ইন্ডিগো ৬০ হাজারেরও কম বিমান চালিয়েছে।

ডিজিসিএ আরো জানিয়েছে যে কর্তৃপক্ষ বিমানের সংখ্যা বাড়ালেও ইন্ডিগো তা দক্ষভাবে পরিচালনা করতে পারেনি। বিমান চলাচল কর্তৃপক্ষ বিমান সংস্থাটিকে আগামীকাল বিকেল ৫টার মধ্যে সংশোধিত সূচি জমা দিতে নির্দেশ দিয়েছে।

বাম চরমপন্থা মোকাবিলায় আপোষ না করার নীতি গ্রহণ করা হয়েছে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। লোকসভায় প্রশ্নোত্তর পর্বে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যনন্দ রাই বলেছেন, আগামী বছরের মার্চের মধ্যে বাম চরমপন্থা দেশ থেকে নির্মূল করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। কেন্দ্র, রাজ্য সরকার গুলির সঙ্গে সমন্বয় করে এই সমস্যা দূর করতে কাজ করছে বলেও জানিয়েছেন তিনি। শ্রী রাই উল্লেখ করেছেন, মাওবাদীরা দেশের সংবিধানে বিশ্বাস করে না, গণতন্ত্রের উপরেও তাদের আস্থা নেই। তিনি বলেন গত কয়েক দশকে নকশালরা দেশের হাজারো নিরীহ মানুষকে হত্যা করেছে এবং বহু শিশুকে অনাথ করেছে। আগের সরকার গুলি বাম চরমপন্থা কে রাজ্যস্তরের সমস্যা হিসেবে গণ্য করায় কেন্দ্র কড়া কোন পদক্ষেপ বা কার্যকর নীতি প্রণয়ন করেনি।

(বাইট- নিত্যনন্দ রাই)

তিনি বলেন, নিরাপত্তা সম্পর্কিত ব্যয় প্রকল্পের আওতায় তিন হাজার ৫২৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়া বিশেষ কেন্দ্রীয় সহায়তায় আরও তিন হাজার ৮৪৮ কোটি টাকা প্রদান করা হয়েছে। দেশ জুড়ে ৭০৬টি নতুন থানার অনুমোদন দেওয়া এবং সেখানে পর্যাপ্ত প্রশিক্ষণ সুবিধার ব্যবস্থা করা হয়েছে বলেও জানিয়েছেন তিনি।

সরকার জানিয়েছে যে চলতি বছরে দেশে খাদ্য শস্য উৎপাদনের পরিমাণ ৩৫ কোটি টনের বেশি হতে পারে বলে আশা করা হচ্ছে, যা গত বছরের তুলনায় ৭.৬৫ শতাংশ বেশি। লোকসভায় এক পরিপূরক প্রশ্নের জবাবে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন, কেন্দ্রীয় সরকারের নীতি এবং কৃষকদের কঠোর পরিশ্রমের ফলেই এই সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে বলেও জানান তিনি। ২০২৪-২৫-এ দেশে সবথেকে বেশি ফসল উতপন্ন হয়েছে। ২০১৪-১৫ এর তুলনায় খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ ৪২ শতাংশ বেড়েছে বলেও কৃষি মন্ত্রী জানিয়েছেন।

(বাইট- শিবরাজ)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং আজ কেনিয়ার নাইরোবিতে রাষ্ট্রসংঘ পরিবেশ পরিষদের সপ্তম অধিবেশনে যোগ দিচ্ছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি জানিয়েছেন, পাঁচ দিনের এই অধিবেশনে ১৯৩টি দেশের প্রতিনিধি অংশ নেবেন। অধিবেশনে জলবায়ু পরিবর্তন ও জীববৈচিত্র্য হ্রাস পাওয়া সহ নানা পরিবেশগত চ্যালেঞ্জ নিয়ে আলোচনা হবে। উল্লেখ্য, রাষ্ট্রসংঘ পরিবেশ পরিষদ পরিবেশ বিষয়ক সর্বোচ্চ স্তরের সিদ্ধান্ত গ্রহণকারী সংস্থা।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ২০২৩ ও ২০২৪ সালের জাতীয় হস্তশিল্প পুরস্কার প্রদান করেছেন। অসাধারণ শিল্পকুশলতাকে স্বীকৃতি দানের পাশাপাশি ভারতের সমৃদ্ধ ও বৈচিত্র্যময় হস্তশিল্প ঐতিহ্য সংরক্ষণ ও প্রচারে সরকারের অঙ্গীকারকে তুলে ধরে এই পুরস্কার। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেছেন, শিল্প মানুষকে বিভিন্ন সংস্কৃতির সঙ্গে এবং একে অপরের সঙ্গে যুক্ত করে।

(বাইট- রাষ্ট্রপতি)

২০২৩ ও ২০২৪ সালে মোট ১২ জন ‘শিল্প গুরু’ পুরস্কার পেয়েছেন। ৩৬ জন কারুশিল্পীও জাতীয় পুরস্কারে সম্মানিত হয়েছেন।

কেন্দ্রীয় সরকার ত্রিপুরায় ২৫টি সড়ক প্রকল্পের জন্য প্রায় ৬৯ কোটি টাকা অনুমোদন করেছে। এই প্রকল্পগুলির মাধ্যমে রাজ্যের ৩০টি বিশেষভাবে ঝুঁকিপূর্ণ আদিবাসী গোষ্ঠীর বসতিতে যোগাযোগ ব্যবস্থা উন্নত হবে। গ্রামীণ উন্নয়ন মন্ত্রক জানিয়েছে, ‘প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান’-এর সড়ক সংযোগ এর আওতায় প্রকল্পগুলো নেওয়া হয়েছে। মন্ত্রক বলেছে, এই উদ্যোগ বিশেষভাবে ঝুঁকিপূর্ণ আদিবাসী গোষ্ঠীগুলির সামাজিক-অর্থনৈতিক অবস্থার যেমন উন্নতি করবে তেমনি রাজ্যে অর্থনৈতিক উন্নয়ন, বাণিজ্য ও ব্যবসা বাড়াবে।

‘অপারেশন সাগর বন্ধু’ অভিযানের অংশ হিসেবে ভারতীয় সেনাবাহিনী শ্রীলঙ্কায় ঘূর্ণিঝড় দিতওয়ার পর মানবিক সহায়তা দেওয়ার কাজ অব্যাহত রেখেছে। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে যে সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার টাস্ক ফোর্স জাফনায় ক্ষতিগ্রস্ত পুলিশামপোক্কানাই সেতুটি সরানোর কাজ শুরু করেছে। এই কাজে শ্রীলঙ্কার সড়ক উন্নয়ন কর্তৃপক্ষকে সহায়তা করতে হুইলড এক্সকাভেটর ব্যবহার করা হচ্ছে। আগামীকাল কাজটি শেষ হওয়ার সম্ভাবনা বলে জানিয়েছে মন্ত্রক।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভারতের সাংস্কৃতিক ও আধ্যাত্মিক জীবনে সংস্কৃতির গুরুত্বের কথা তুলে ধরেছেন। তিনি বলেন, দূরদর্শনের ‘সুপ্রভাতম’ অনুষ্ঠানে প্রতিদিন সংস্কৃতির সুবাসিত বা জ্ঞানবার্তা প্রচারিত হয়। এই অনুষ্ঠান প্রতিদিন সকালে মূল্যবোধ ও সংস্কৃতিকে সুন্দরভাবে একত্রিত করে উপস্থাপন করে বলেও উল্লেখ করেছেন তিনি।

মহারাষ্ট্রের বিশিষ্ট সমাজসেবী বাবা আদভের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন, সমাজ সংস্কার বিশেষ করে প্রান্তিক শ্রেণীর মানুষদের স্বার্থে বাবা আদভের অবদান চির স্মরণীয় থাকবে। গতকাল সন্ধ্যায় পুণেতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বরিষ্ঠ এই সমাজসেবী। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৫ বছর।

রুশ প্রেসিডেন্ট ব্লাদিমির পুতিনের সাম্প্রতিক ভারত সফরকে স্বাগত জানিয়েছে বেজিং। চিনের বিদেশমন্ত্রকের মুখপাত্র গুও জিয়াকুন জানিয়েছেন, বৃহৎ অর্থনীতি হিসাবে ভারত ও রাশিয়া দুই দেশই দক্ষিণী বিশ্বের গুরুত্বপূর্ণ সদস্য। চিন, ভারত ও রাশিয়া পারস্পরিক সম্পর্কের পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক শান্তি স্থাপন, নিরাপত্তা ও সমৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে বলেও দাবি করেছে চিনের বিদেশমন্ত্রক।

৫ ম্যাচের টি-২০ ক্রিকেট সিরিজের প্রথম খেলায় আজ মুখোমুখি হবে ভারত ও দক্ষিণ আফ্রিকা। ওড়িশার কটকের বরাবাটি স্টেডিয়ামে সন্ধ্যা ৭টায় খেলা শুরু হবে। ভারতের অধিনায়ক সূর্যকুমার যাদব জানিয়েছেন, চোট সারিয়ে এই সিরিজ থেকে দলে ফিরছেন হার্দিক পাণ্ডেয়া এবং শুভমন গিল।

ভারতীয় ক্রিকেট নিয়ন্ত্রণ সংস্থা বিসিসিআই ২০২৬ এর আইপিএল এর নিলামের জন্য চূড়ান্ত খেলোয়াড়দের তালিকা প্রকাশ করেছে। এই মাসের ১৬ তারিখে আবুধাবিতে নির্ধারিত নিলামে ২৪০ জন ভারতীয় এবং ১১০ জন বিদেশি খেলোয়াড় অংশ নেবেন। মোট ১ হাজার ৩৯০ জন খেলোয়াড় নিলামের জন্য নাম নথিভুক্ত করেছিলেন, যার মধ্যে ৩৫০ জনকে বাছাই করা হয়েছে। এবারের নিলামে বিপুল সংখ্যক অবাছাই বা আনক্যাপড খেলোয়াড়ও রয়েছে—যাদের মধ্যে ২২৪ জন ভারতীয় এবং ১৪ জন বিদেশি।

এবারের নিলামে ৭৭টি স্পটের জন্য তীব্র দরকষাকষি হবে বলে মনে করা হচ্ছে। এর মধ্যে ৩১টি স্পট বিদেশি খেলোয়াড়দের জন্য নির্ধারিত। এ পর্যন্ত বিভিন্ন দল মোট ১৭৩ জন খেলোয়াড়কে ধরে রেখেছে।
